



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

চলমান প্যাচ ওয়ার্কের সুফল

নগরবাসী উপভোগ করছে : মেয়র

চট্টগ্রাম-১৯ মার্চ ২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী নগরবাসীকে আশ্বস্ত করেছেন যে, দায়িত্ব গ্রহণের প্রথম ১০০ দিনের অগ্রাধিকার ভিত্তিক প্যাচ ওয়ার্ক কার্যক্রমের আওতায় পরিচ্ছন্নতা ও মশক নিধন এবং বেহাল সড়ক মেরামত অভিযান নাগরিক দুর্ভোগ লাঘবে যথেষ্ট সহায়ক হবে। তিনি বলেন, চলমান প্যাচ ওয়ার্ক কার্যক্রমে পরিচ্ছন্ন ও প্রকৌশল বিভাগের সর্বস্তরের কর্মকর্তা- কর্মচারী ও জনবল সার্বক্ষণিক ভাবে মাঠে রয়েছেন। তাই এর সুফল নগরবাসীর জন্য সহজলভ্য হবে। তিনি আজ নগরীর বিভিন্ন ওয়ার্ডে চলমান প্যাচ ওয়ার্ক নিয়োজিত কর্মকর্তা ও জনবলের কার্যক্রম ওয়াটস আপে সংযুক্ত হয়ে নগরবাসীর উদ্দেশ্যে একথা বলেন। তিনি আরো বলেন, চলমান প্যাচ ওয়ার্ক কার্যক্রমের প্রভাবে পরিচ্ছন্নতা কার্যক্রম আগের চেয়ে ভাল এবং মশক প্রজননের হার ও মাত্রা অনেকাংশে কম। মশক নিধনের জন্য ছিটানো ওষুধের গুণমান ও কার্যকারিতা যাচাই ও বিশেষায়িত মতামত গ্রহণের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কীট, পতঙ্গ তত্ত্ববিদের সাথে যোগাযোগ রাখা হচ্ছে। তিনি নগরবাসীর উদ্দেশ্যে আহ্বান জানিয়ে বলেন, নগরীর কোন সমস্যা বা দুর্ভোগ দৃশ্যমান হলে তা আমাকে অবহিত করলে তাৎক্ষণিকভাবে তার সমাধানে উদ্যোগী হবো। আজ শুক্রবার আন্দরকিল্লা, সিরাজদৌল্লা রোড, আখ্ৰাবাদ, বাকলিয়া এলাকায় প্যাচ ওয়ার্ক ও পরিচ্ছন্ন কাজে অংশগ্রহণ করেন, নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম, আবু সিদ্দিকী, অতিরিক্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব শর্মা, প্রকৌশলী তৌহিদুল ইসলাম প্রমুখ। নগরীর ক্রাশ প্রোগ্রাম অব্যাহত আছে বলে প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

সাইয়েদ গোলাম হায়দার মিন্টুর মৃত্যুতে

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তার শোক প্রকাশ

চট্টগ্রাম-১৯ মার্চ ২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত পরিষদের কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারীর পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হক ১৬ নং চকবাজার ওয়ার্ডের কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় বলা হয়, তিনি সব সময় সাধারণ মানুষের সুখ-দুখে পাশে ছিলেন। এ কারণে তিনি সর্বাধিকবার কাউন্সিলর নির্বাচিত হয়েছিলেন। শোক বার্তায় মরহুমের রুহের মাগফেরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩